# তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR কার্যক্রমের ষান্মাসিক প্রতিবেদন

(জুলাই-ডিসেম্বর ২০২২)




সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

## ১. ভূমিকা

জাতিসংঘ কর্তৃক ঘোষিত টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (SDGs) অর্জনের একটি অপরিহার্য উপাদান হলো কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (Corporate Social Responsibility)। CSR হল এক ধরনের ব্যবসায়িক শিষ্টাচার বা রীতি যা সমাজের প্রতি ব্যবসা প্রতিষ্ঠানের দায়িত্ব পালনকে ব্যবসার নিয়মের মধ্যে অন্তর্ভুক্ত করে। ব্যবসা প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত কার্যক্রমের ফলে উদ্ভূত নানারকম পরিবেশগত বিরূপ প্রভাব দূরীকরণ এবং সমাজের বিভিন্ন শ্রেণির মধ্যে বিদ্যমান ক্ষোভ, অসমতা ও দারিদ্র্য বিমোচন CSR এর উদ্দেশ্য। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১ জুন ২০০৮ তারিখে সর্বপ্রথম (DOS সার্কুলার নং-১: Mainstreaming CSR in Banks and Financial Institutions in Bangladesh) দেশে কার্যরত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে CSR মূলধারাকে অন্তর্ভুক্ত করে CSR কার্যক্রমে অর্থ ব্যয়ের দিক-নির্দেশনা দেয়া হয়। পরবর্তীতে ২২ ডিসেম্বর ২০১৪ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার নং-৭ (Indicative guidelines for CSR expenditure allocation and end use oversight) এর মাধ্যমে দেশের তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে CSR কার্যক্রমের আওতায় স্বেচ্ছামূলকভাবে বিভিন্ন খাতে CSR সংক্রান্ত ব্যয়ের বিষয়ে বিস্তারিত দিক-নির্দেশনা প্রদান করা হয়। ১০ জুন ২০১৫ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার লেটার নং-৬ (Reporting CSR activities) অনুযায়ী দেশে কার্যরত তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে CSR এর আওতায় গৃহীত/সম্পাদিত যাবতীয় কার্যক্রম ও ব্যয়কৃত অর্থের পরিমাণ সম্বলিত ষান্মাসিক বিবরণী দাখিলের নির্দেশনা দেয়া হয়। পরবর্তীতে দেশের পরিবেশগত, সামাজিক, ন্যায়সংগত এবং টেকসই উন্নয়নের জন্য CSR কার্যক্রমকে সময়োপযোগী, অধিকতর সহজ ও গুরুত্বপূর্ণ এবং সুসংগঠিত করার নিমিত্ত ৯ জানুয়ারি ২০২২ তারিখের SFD সার্কুলার লেটার নং-১ এর মাধ্যমে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (CSR) সংক্রান্ত সর্বশেষ নীতিমালা জারি করা হয়েছে। আলোচ্য নীতিমালায় CSR-এর পরিধি, টেকসই CSR কার্যক্রম, CSR-এর আওতায় অর্থনৈতিক অন্তর্ভুক্তি ও সামাজিক দায়বদ্ধ অর্থায়ন (SRF) এবং নারীর ক্ষমতায়নের মত সময়োপযোগী বিষয়সমূহের উপর আলোকপাত করা হয়েছে। সর্বশেষ ১০ এপ্রিল ২০২২ তারিখে জারিকৃত একটি Revised Reporting Format প্রণয়নপূর্বক দেশে কার্যরত তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে CSR এর আওতায় গৃহীত/সম্পাদিত যাবতীয় কার্যক্রম ও ব্যয়কৃত অর্থের পরিমাণ সম্বলিত ষান্মাসিক বিবরণী দাখিলের নির্দেশনা দেয়া হয়।

## ২. CSR খাত ভিত্তিক বিভাজন ও ব্যয়ের হার

বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২২ ডিসেম্বর ২০১৪ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার নং-৭ (Indicative guidelines for CSR expenditure allocation and end use oversight) অনুযায়ী তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের কর-পরবর্তী নিট মুনাফার অংশ হতে CSR ব্যয় করতে পারবে। CSR ব্যয়ের প্রায় ৩০% শিক্ষা খাতে এবং ২০% স্বাস্থ্য খাতে ব্যয় করতে হবে। এছাড়া ৯ জুলাই ২০১৫ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার নং-৪ এর মাধ্যমে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR ব্যয়ের ১০% জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যয়ের পরামর্শ প্রদান করা হয়। GBCSRD সার্কুলার লেটার নং-৬/২০১৫ এর মাধ্যমে Social Projects ও Community Investment এর আওতায় আলাদাভাবে শিক্ষা, স্বাস্থ্য, দুর্যোগ ব্যবস্থাপনা, পরিবেশ, সাংস্কৃতিক কল্যাণ, প্রত্যন্ত অঞ্চলে অবকাঠামো উন্নয়ন, অধিকার বঞ্চিত জনগোষ্ঠীর জন্য আয়ের উৎস সৃষ্টিমূলক কার্যক্রম এবং অন্যান্যসহ মোট ৮টি খাতে CSR ব্যয় হিসেবে প্রদর্শন করার জন্য নির্দেশনা দেয়া হয়। পরবর্তীতে SFD সার্কুলার নং-১, তারিখ ৯ জানুয়ারি ২০২২ এর মাধ্যমে ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে তাদের মোট CSR বাজেট হতে শিক্ষাখাতে ৩০%, স্বাস্থ্যখাতে ৩০%, পরিবেশ এবং জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন ও অভিযোজন খাতে ২০% ব্যয় করার নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া, অবশিষ্ট ২০% আয়-উৎসারী কার্যক্রম, দুর্যোগ ব্যবস্থাপনা, অব-কাঠামো উন্নয়ন, ক্রীড়া ও সংস্কৃতি এবং অন্যান্য খাতের আওতায় ব্যয়ের সুযোগ রয়েছে। তাছাড়া, SFD সার্কুলার নং-০৬, তারিখ: ২৯ নভেম্বর ২০২২ এর মাধ্যমে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট তহবিলের আকার বৃদ্ধির লক্ষ্যে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক প্রতি বছর CSR খাতে বরাদ্দকৃত অর্থের ৫% হারে বর্ণিত তহবিলে অনুদান প্রদানের নির্দেশনা প্রদান করা হয়।

### ৩.১ তফসিলি ব্যাংকসমূহের জুলাই-ডিসেম্বর ২০২২ ষান্মাসিক ভিত্তিক CSR কার্যক্রম


বাংলাদেশে কার্যরত ৬১টি তফসিলি ব্যাংক কর্তৃক দাখিলকৃত জুলাই-ডিসেম্বর ২০২২ ভিত্তিক CSR বিবরণীসমূহ পর্যালোচনাপূর্বক সার্বিক অবস্থা ছক-১ এবং লেখচিত্র-১ এ তুলে ধরা হলো:

## ছক-১: ব্যাংকসমূহের জুলাই-ডিসেম্বর ২০২২ ভিত্তিক CSR ব্যয়

| ক্রম | ব্যাংকসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | পরিবেশ এবং জলবায়ু | আয় উৎসারী কার্যক্রম | দুর্যোগ ব্যবস্থাপনা | অব-কাঠামো উন্নয়ন | ক্রীড়া ও সংস্কৃতি | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (কোটি টাকায়) | | | | | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ১ | সোনালী ব্যাংক লিমিটেড | ০.২৫৩৯ | ০.৯৫৬৮ | - | - | ২.০৪৫৬ | ০.০৬৩০ | ০.০৫০০ | ০.০৭৭৫ | ৩.৪৪৬৮ |
| ২ | জনতা ব্যাংক লিমিটেড | ০.২৫০০ | ০.০১০০ | - | - | - | ০.১০০০ | - | - | ০.৩৬০০ |
| ৩ | অগ্রণী ব্যাংক লিমিটেড | ০.০৯২৫ | ০.১০০০ | - | - | ০.২০৯৩ | ০.০৮৭৫ | - | ০.১০৫০ | ০.৫৯৪৩ |
| ৪ | রূপালী ব্যাংক লিমিটেড | ০.১১০০ | ০.১১০০ | - | - | - | - | - | ০.০১০০ | ০.২৩০০ |
| ৫ | বেসিক ব্যাংক লিমিটেড | - | - | - | - | - | ০.০৬০০ | - | - | ০.০৬০০ |
| ৬ | বাংলাদেশ কৃষি ব্যাংক | - | - | - | - | - | - | - | - | ০.০০০০ |
| ৭ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | - | - | - | - | - | - | - | - | ০.০০০০ |
| ৮ | বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড | ০.০৪০০ | ০.০৪৫৫ | - | - | ০.০৬৬৫ | - | - | ০.০২০০ | ০.১৭২০ |
| ৯ | প্রবাসী কল্যাণ ব্যাংক | - | - | - | - | - | - | - | ০.০০০৪ | ০.০০০৪ |
| ১০ | এবি ব্যাংক লিমিটেড | ০.২৩০০ | ০.০৪৫০ | - | - | ১২.৩৮৯০ | - | - | - | ১২.৬৬৪০ |
| ১১ | আল আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড | ৩.৫৫০০ | ২.৯১০০ | ০.০৮০০ | - | ১.৩৭০০ | - | ১.০০০০ | - | ৮.৯১০০ |
| ১২ | ব্যাংক এশিয়া লিমিটেড | ০.৮৯১০ | ১.৮৮০০ | - | - | ১১.১২০০ | - | ১.৪২০০ | ০.০২৫০ | ১৫.৩৩৬০ |
| ১৩ | বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড | - | - | - | - | - | - | - | ০.০৪০০ | ০.০৪০০ |
| ১৪ | বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক লিমিটেড | - | - | - | - | ১.০০০০ | - | ০.০০১০ | - | ১.০০১০ |
| ১৫ | ব্র্যাক ব্যাংক লিমিটেড | ১.১২২২ | ০.১৯৫৩ | ০.০০১৩ | ০.০০০০ | ২.৬৮২৯ | ০.০২০০ | ০.৩৫৫৬ | ০.০০৬৩ | ৪.৩৮৩৫ |
| ১৬ | সিটিজেন্স ব্যাংক পিএলসি | - | - | - | - | - | - | - | - | ০.০০০০ |
| ১৭ | কমিউনিটি ব্যাংক লিমিটেড | ০.৫০০০ | ০.৪০৯০ | ০.২০০০ | - | - | - | ০.০৭৫০ | - | ১.১৮৪০ |
| ১৮ | ঢাকা ব্যাংক লিমিটেড | ০.২২৪০ | ২.৭৯০২ | - | - | ৪.৫০০০ | - | ০.৬০০০ | ০.০০৬৫ | ৮.১২০৭ |
| ১৯ | ডাচ্-বাংলা ব্যাংক লিমিটেড | ১৬.১৩০০ | ৩.৭৮০০ | - | - | ১০.০০০০ | ০.০৪০০ | - | ০.২৮০০ | ৩০.২৩০০ |
| ২০ | ইস্টার্ণ ব্যাংক লিমিটেড | - | ০.৪৯০০ | - | - | ৩.৮২০০ | - | ০.০৪০০ | - | ৪.৩৫০০ |
| ২১ | এক্সিম ব্যাংক লিমিটেড | ২.৪৪০০ | ১.৪১০০ | ০.০০৫৩ | - | ৩০.৪৬০০ | - | ০.৩০০০ | ০.১৪০০ | ৩৪.৭৫৫৩ |
| ২২ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড | ৮.২৫০০ | ৯.৪৫০০ | ৫.৫৫০০ | ০.২৯০০ | - | ০.৩০০০ | ০.২০০০ | - | ২৪.০৪০০ |
| ২৩ | আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড | - | ০.০২১৫ | - | - | - | - | - | - | ০.০২১৫ |
| ২৪ | আইএফআইসি ব্যাংক পিএলসি | ০.৪৫০০ | ০.০৫৫০ | ০.০২০০ | - | ৫.৯৮২০ | - | ০.১২৬৬ | ০.০৬০০ | ৬.৬৯৩৬ |
| ২৫ | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড | ০.০৪২০ | ০.০২৫০ | ০.০২০০ | - | ১২৫.০৮০০ | - | - | - | ১২৫.১৬৭০ |
| ২৬ | যমুনা ব্যাংক লিমিটেড | ৩.৭৩০০ | ৪.২৩০০ | ০.৩৭০০ | ০.০৭০০ | ১২.৮৪০০ | - | ০.০৫০০ | ০.১০০০ | ২১.৩৯০০ |
| ২৭ | মেঘনা ব্যাংক লিমিটেড | ০.১৫৪০ | ০.২৫০০ | - | - | ২.৩২৫০ | - | ০.০৬০০ | ০.০০১০ | ২.৭৯০০ |
| ২৮ | মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড | ০.০৬৭০ | ০.৬৪০০ | - | - | ৯.২৫০০ | - | ০.০৪৫০ | ০.০৪০০ | ১০.০৪২০ |
| ২৯ | মিডল্যান্ড ব্যাংক লিমিটেড | - | - | - | - | ০.৭৩৪১ | - | - | - | ০.৭৩৪১ |
| ৩০ | মধুমতি ব্যাংক লিমিটেড | ০.০৬০০ | ০.০২০০ | - | - | ০.৫৯৩০ | - | ০.০০২০ | ০.৯৩০০ | ১.৬০৫০ |
| ৩১ | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক লিমিটেড | ০.৭০০০ | ০.৪৬০০ | ০.৫০০০ | ০.০৮০০ | ২.৭৩০০ | - | ০.০৫০০ | ০.৩৩০০ | ৪.৮৫০০ |
| ৩২ | ন্যাশনাল ব্যাংক লিমিটেড | ১.৮৭২০ | ০.৩৪০০ | - | - | ১৫.৯২০০ | - | ০.০৫০০ | ০.০২০০ | ১৮.২০২০ |
| ৩৩ | এনসিসি ব্যাংক লিমিটেড | ০.২১৯৬ | ০.০৪৪০ | ০.০০৫০ | - | ২.৬৩২০ | ০.০৩০০ | ০.০১০০ | ০.০০৬০ | ২.৯৪৬৬ |
| ৩৪ | এনআরবি ব্যাংক লিমিটেড | - | ০.০৪৫০ | - | - | ০.৯৯০০ | - | - | - | ১.০৩৫০ |
| ৩৫ | এনআরবি কমার্শিয়াল ব্যাংক লিমিটেড | ১.৮৮৯৭ | ০.৭৭৪০ | ০.০০৩০ | - | ০.৩২০০ | ০.১০০০ | ০.০৩০০ | ০.০৩৩০ | ৩.১৪৯৮ |
| ৩৬ | গ্লোবাল ইসলামী ব্যাংক লিমিটেড | ০.০৭৩০ | ০.০১৮০ | - | - | ১২.৭৫০০ | - | ০.৫০০০ | ০.০২৪৫ | ১৩.৩৬৫৫ |
| ৩৭ | ওয়ান ব্যাংক লিমিটেড | - | ০.৮৮৭০ | - | - | ৩.৯০১০ | - | - | ০.০১০০ | ৪.৭৯৮০ |
| ৩৮ | পদ্মা ব্যাংক লিমিটেড | - | - | - | - | - | - | - | - | ০.০০০০ |
| ৩৯ | প্রাইম ব্যাংক লিমিটেড | ২.৮২০০ | ১.৭৯০০ | ০.০৫০০ | - | ৩.২২০০ | - | - | - | ৭.৮৮০০ |
| ৪০ | পূবালী ব্যাংক লিমিটেড | ০.২৩২০ | ১.৫২৮৬ | ০.০০০০ | ০.০০০০ | ২.২৫৩০ | ০.০০০০ | ১.১১৫০ | ০.১১০৫ | ৫.২৩৯১ |
| ৪১ | সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিমিটেড | ০.৩১০০ | ০.০২৫০ | - | - | ০.৪৮০০ | - | - | - | ০.৮১৫০ |
| ৪২ | শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড | ১.৫৯০০ | ৩.৭১০০ | ৩.১০০০ | - | ৩.৯১০০ | - | ০.০০৫০ | ০.৪৭০০ | ১২.৭৮৫০ |
| ৪৩ | সীমান্ত ব্যাংক লিমিটেড | ০.০৬০০ | ০.১৩২৫ | - | - | - | ০.০৪০০ | - | - | ০.২৩২৫ |
| ৪৪ | সোশ্যাল ইসলামী ব্যাংক লিমিটেড | ৩.৮৪৫৮ | ৩.৩৩৬০ | - | ০.০১০০ | ১১.০০০০ | - | ০.১০৩৫ | ২.৫৩২৫ | ২০.৮২৭৮ |
| ৪৫ | সাউথইস্ট ব্যাংক লিমিটেড | ২.৭২০০ | ১.৪৯০০ | - | - | ১২.৪৯০০ | ০.০৫০০ | ৪.৪৭০০ | ০.১৪০০ | ২১.৩৬০০ |

## ছক-১: ব্যাংকসমূহের জুলাই-ডিসেম্বর ২০২২ ভিত্তিক CSR ব্যয়

| ক্রম | ব্যাংকসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | পরিবেশ এবং জলবায়ু | আয় উৎসারী কার্যক্রম | দুর্যোগ ব্যবস্থাপনা | অব-কাঠামো উন্নয়ন | ক্রীড়া ও সংস্কৃতি | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | পরিমাণ (কোটি টাকায়) | | | | | | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| ৪৬ | স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড | ০.০১০০ | ০.০১০০ | - | - | ২.৫০০০ | - | - | ০.০৪০০ | ২.৫৬০০ |
| ৪৭ | দি সিটি ব্যাংক লিমিটেড | ০.৬০০০ | ০.৯৭০০ | - | - | ২.৫১০০ | - | ০.০২০০ | ০.০৫০০ | ৪.১৫০০ |
| ৪৮ | দি প্রিমিয়ার ব্যাংক লিমিটেড | ১.১৯০০ | ০.৭২৩০ | - | - | ১৭.৭০৩০ | - | - | - | ১৯.৬১৬০ |
| ৪৯ | ট্রাস্ট ব্যাংক লিমিটেড | ০.৬০০০ | ১১.০০০০ | - | - | - | - | ১.০০০০ | ০.০৪৬৬ | ১২.৬৪৬৬ |
| ৫০ | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড | - | ২.৫৮০০ | - | - | ৫.০৪০০ | - | ০.০৮০০ | - | ৭.৭০০০ |
| ৫১ | ইউনিয়ন ব্যাংক লিমিটেড | ০.০৮৭০ | ০.০১৫০ | - | - | ১২.৩০০০ | ০.০৩১০ | ০.১৫০০ | ০.০৩২৫ | ১২.৬১৫৫ |
| ৫২ | উত্তরা ব্যাংক লিমিটেড | - | ২.১৪৩৫ | - | - | ২.৫৭০০ | ০.০৪০০ | - | ০.০২২০ | ৪.৭৭৫৫ |
| ৫৩ | ব্যাংক আলফালাহ্ লিমিটেড | ০.০৮০০ | - | ০.০৪৫০ | - | - | - | - | - | ০.১২৫০ |
| ৫৪ | কমার্শিয়াল ব্যাংক অব সিলন | - | - | - | - | ০.১৪৪০ | - | - | - | ০.১৪৪০ |
| ৫৫ | সিটিব্যাংক এনএ | ০.০৬০০ | ০.০৬০০ | ০.০৪০০ | - | ০.৫৫৫০ | - | - | - | ০.৭১৫০ |
| ৫৬ | হাবিব ব্যাংক লিমিটেড | ০.০০৫০ | ০.০২০০ | ০.০০০৮ | - | - | - | - | ০.০০৪৬ | ০.০৩০৪ |
| ৫৭ | এইচএসবিসি | ২.৩২০০ | ০.৬০০০ | ১.৩৪০০ | - | - | - | - | - | ৪.২৬০০ |
| ৫৮ | ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান | - | - | - | - | - | - | - | - | ০.০০০০ |
| ৫৯ | স্টেট ব্যাংক অব ইন্ডিয়া | ০.০২৩৮ | ০.১৫০০ | ০.০০৪০ | - | - | - | - | - | ০.১৭৭৮ |
| ৬০ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক | ৩.৬২৪৩ | ১.২৭১২ | ০.৯৫৫৩ | - | ০.৬৩০৬ | - | - | ১.৮৯৭৭ | ৮.৩৭৯১ |
| ৬১ | উরি ব্যাংক | ০.০১৪০ | ০.০২৯০ | ০.০১৩০ | - | - | - | - | - | ০.০৫৬০ |
| | সর্বমোট | ৬৩.৫৩২৮ | ৬৩.৯৭৫১ | ১২.৩০২৬ | ০.৪৫০০ | ৩৫৩.০১৫৯ | ০.৯৬১৫ | ১১.৯০৮৭ | ৭.৬১১৬ | ৫১৩.৭৫৮৩ |
| | শতকরা হার (%) | ১২.৩৭% | ১২.৪৫% | ২.৩৯% | ০.০৯% | ৬৮.৭১% | ০.১৯% | ২.৩২% | ১.৪৮% | ১০০.০০% |




ছক-১ ও লেখচিত্র-১ এ প্রদর্শিত তথ্য এবং জুলাই-ডিসেম্বর ২০২২ ভিত্তিক CSR বিবরণী পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে:

- জুলাই-ডিসেম্বর ২০২২ ষান্মাসিকে দেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহের মোট CSR ব্যয় প্রায় টাঃ৫১৩.৭৬ কোটি (পাঁচশত তেরো কোটি ছিয়াত্তর লক্ষ টাকা) মাত্র।


- আলোচ্য ষান্মাসিকে ব্যাংকসমূহ কর্তৃক সর্বোচ্চ ব্যয় করা হয়েছে দুর্যোগ ব্যবস্থাপনা খাতে, যার পরিমাণ টাঃ৩৫৩.০২ কোটি মাত্র (মোট CSR ব্যয়ের ৬৮.৭১%)। দুর্যোগ ব্যবস্থাপনা খাতের আওতায় প্রধানত ২০২২ সালের প্রথমার্ধে সিলেট ও সুনামগঞ্জসহ দেশের বিভিন্ন জেলায় ভয়াবহ বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষের মাঝে খাদ্য ও ত্রাণসামগ্রী বিতরণ এবং দেশের উত্তরাঞ্চলসহ অন্যান্য অঞ্চলে শীতার্ত ও দরিদ্র মানুষের মাঝে কম্বল বিতরণ করা হয়, যার সিংহভাগ প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে অনুদান হিসেবে প্রদান করা হয়েছে।
- এ ষান্মাসিকে ব্যাংকসমূহ কর্তৃক দ্বিতীয় সর্বোচ্চ ব্যয় করা হয়েছে স্বাস্থ্যখাতে, যার পরিমাণ টাঃ৬৩.৯৮ কোটি মাত্র (মোট CSR ব্যয়ের ১২.৪৫%)। স্বাস্থ্যখাতে মূলত ব্যক্তি পর্যায়ে হতদরিদ্র/অসহায়/সুবিধাবঞ্চিত/প্রতিবন্ধী রোগীদের চিকিৎসা সহায়তা প্রদান, বিনামূল্যে মেডিক্যাল ক্যাম্প ও ক্লিনিক্যাল সেবা প্রদান, বিনামূল্যে চিকিৎসা ও স্বাস্থ্যসেবা সামগ্রী বিতরণ এবং বিভিন্ন দুরারোগ্য/জটিল ব্যাধিতে আক্রান্ত মানুষের চিকিৎসার্থে ব্যাংকসমূহ কর্তৃক CSR বাবদ সরাসরি অনুদান দেয়া হয়েছে। তাছাড়া, হাসপাতাল/ক্লিনিক নির্মাণ, হাসপাতাল/ ক্লিনিক/ডায়াগনস্টিক সেন্টারের পরিচালন ব্যয় নির্বাহ এবং চিকিৎসা সরঞ্জামাদি ক্রয় বাবদ অনুদান দেয়া হয়েছে।
- এ ষান্মাসিকে ব্যাংকসমূহ কর্তৃক তৃতীয় সর্বোচ্চ ব্যয় করা হয়েছে শিক্ষাখাতে, যার পরিমাণ টাঃ৬৩.৫৩ কোটি মাত্র (মোট CSR ব্যয়ের ১২.৩৭%)। শিক্ষাখাতের ব্যয় পর্যালোচনায় দেখা যায়, ব্যাংকসমূহ কর্তৃক বিভিন্ন পর্যায়ের শিক্ষার্থীদের বৃত্তি প্রদানকল্পে CSR ব্যয় করা হয়েছে। তাছাড়া, বিভিন্ন শিক্ষা উপকরণ প্রদান এবং শিক্ষাখাতের অবকাঠামো উন্নয়নেও CSR ব্যয় করা হয়েছে। আরও উল্লেখ্য, বিভিন্ন ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট তহবিলেও অনুদান প্রদান করেছে।
- পরিবেশ এবং জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন-অভিযোজন খাতে ব্যয়ের পরিমাণ টাঃ১২.৩০ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ২.৩৯%।
- উপরোক্ত খাতসমূহ ব্যতীত CSR ব্যয়ের একটি উল্লেখ্যযোগ্য খাত হলো ক্রীড়া ও সংস্কৃতি। এ খাতে ব্যয়ের পরিমাণ টাঃ১১.৯১ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ২.৩২%।
- এছাড়া, ব্যাংকসমূহের অন্যান্য, অবকাঠামো উন্নয়ন এবং আয়-উৎসারী কার্যক্রম খাতে CSR ব্যয় যথাক্রমে টাঃ৭.৬১ কোটি, টাঃ০.৯৬ কোটি এবং টাঃ০.৪৫ কোটি মাত্র।

## ৩.২ ব্যাংকের ধরণ অনুযায়ী CSR ব্যয়

জুলাই-ডিসেম্বর ২০২২ ষান্মাসিকে ব্যাংক এর ধরণ অনুযায়ী CSR ব্যয়ের পরিমাণ এবং মোট ব্যয়ের শতকরা হার ছক-২ ও লেখচিত্র-২ এ উল্লেখ করা হলো:

**ছক-২: ব্যাংকের ধরণ অনুযায়ী CSR ব্যয় (কোটি টাকায়)**

| ব্যাংকের ধরণ | মোট ব্যয় | শতকরা হার (%) |
|---|---|---|
| রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক (৬টি) | ৪.৮৬ | ০.৯৫ |
| বিশেষায়িত বাণিজ্যিক ব্যাংক (৩টি) | ০.০০০৪ | ০.০০০১ |
| বেসরকারি বাণিজ্যিক ব্যাংক (৪৩টি) | ৪৯৫.০১ | ৯৬.৩৫ |
| বিদেশি বাণিজ্যিক ব্যাংক (৯টি) | ১৩.৮৯ | ২.৭০ |
| সর্বমোট (৬১টি) | ৫১৩.৭৬ | ১০০.০০ |




আলোচ্য ষান্মাসিকে দেশের রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ সমন্বিতভাবে টাঃ৪.৮৬ কোটি (চার কোটি ছিয়াশি লক্ষ টাকা) মাত্র CSR খাতে ব্যয় করেছে, যা ব্যাংকিং খাতে মোট CSR ব্যয়ের ০.৯৫%। অন্যদিকে, বিশেষায়িত ব্যাংকসমূহের CSR ব্যয় নগণ্য। ৪৩টি বেসরকারি বাণিজ্যিক ব্যাংকের মধ্যে ৪১টি ব্যাংক জুলাই-ডিসেম্বর ২০২২ ষান্মাসিকে টাঃ৪৯৫.০১ কোটি (চারশত পচাঁনব্বই কোটি এক লক্ষ টাকা) মাত্র CSR খাতে ব্যয় করেছে, যা ব্যাংকিং খাতে মোট CSR ব্যয়ের ৯৬.৩৫%। বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যে সিটিজেনস্ ব্যাংক পিএলসি এবং পদ্মা ব্যাংক লিমিটেড আলোচ্য ষান্মাসিকে কোনরূপ CSR ব্যয় করেনি। অপরদিকে, ৯টি বিদেশি বাণিজ্যিক ব্যাংকের মধ্যে ৮টি ব্যাংক টাঃ১৩.৮৯ কোটি (তের কোটি উনানব্বই লক্ষ টাকা) মাত্র CSR খাতে ব্যয় করেছে, যা ব্যাংকিং খাতে মোট CSR ব্যয়ের ২.৭০%। বিদেশি বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যে ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান কোনরূপ CSR ব্যয় করেনি।

## ৩.৩ ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ব্যাংকসমূহের CSR ব্যয় পর্যালোচনা

জুলাই-ডিসেম্বর ২০২২ ষান্মাসিকে ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ১০টি ব্যাংকের CSR কার্যক্রম ছক-৩ এ তুলে ধরা হলো:

**ছক-৩: ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ব্যাংকসমূহের CSR ব্যয়**

| ক্রম | ইসলামী ব্যাংকসমূহের নাম | জুলাই-ডিসেম্বর ২০২২ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকায়) | ২০২১ সালে অর্জিত কর পরবর্তী নিট মুনাফা হতে জুলাই-ডিসেম্বর ২০২২ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকায়) | নিট মুনাফা ব্যতীত অন্যান্য উৎস হতে জুলাই-ডিসেম্বর ২০২২ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকায়) |
|---|---|---|---|---|
| ১ | ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড | ১২৫.১৭ | ০.০০ | ১২৫.১৭ |
| ২ | আইসিবি ইসলামিক ব্যাংক লিমিটেড | ০.০২২ | ০.০০ | ০.০২২ |
| ৩ | আল-আরাফাহ্ ইসলামী ব্যাংক লিমিটেড | ৮.৯১ | ২.১৪ | ৬.৭৭ |
| ৪ | সোশ্যাল ইসলামী ব্যাংক লিমিটেড | ২০.৮৩ | ০.০০ | ২০.৮৩ |
| ৫ | স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড | ২.৫৬ | ২.৫৬ | ০.০০ |
| ৬ | এক্সিম ব্যাংক লিমিটেড | ৩৪.৭৬ | ৬.৮০ | ২৭.৯৬ |
| ৭ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লিমিটেড | ২৪.০৪ | ২৪.০৪ | ০.০০ |
| ৮ | শাহ্‌জালাল ইসলামী ব্যাংক লিমিটেড | ১২.৭৯ | ১.৯৪ | ১০.৮৫ |
| ৯ | ইউনিয়ন ব্যাংক লিমিটেড | ১২.৬২ | ১২.৬২ | ০.০০ |
| ১০ | গ্লোবাল ইসলামী ব্যাংক লিমিটেড | ১৩.৩৭ | ১৩.৩৭ | ০.০০ |
| | **সর্বমোট** | **২৫৫.০৭** | **৬৩.৪৭** | **১৯১.৬০** |
| | **শতকরা হার (%)** | **১০০.০০** | **২৪.৮৮%** | **৭৫.১২%** |

ছক-৩ পর্যলোচনান্তে দেখা যায় যে,

- আলোচ্য ষান্মাসিকে ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ১০টি ব্যাংক কর্তৃক পূর্ববর্তী বছরের কর পরবর্তী নিট মুনাফাসহ অন্যান্য উৎস থেকে (Compensation Realized A/C, doubtful income, যাকাত ফান্ড, অন্যান্য ইত্যাদি) CSR ব্যয় নির্বাহ করা হয়েছে।
- এক্ষেত্রে বর্ণিত ব্যাংকসমূহের মোট CSR ব্যয় টাঃ২৫৫.০৭ কোটি (সকল তফসিলি ব্যাংকের মোট CSR ব্যয়ের প্রায় ৪৯.৬৫%)।
- ২০২১ সালে অর্জিত কর পরবর্তী নিট মুনাফা হতে বর্ণিত ব্যাংকসমূহের ব্যয়ের পরিমাণ টাঃ৬৩.৪৭ কোটি (ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের ২৪.৮৮%)।
- নিট মুনাফা ব্যতীত অন্যান্য উৎস হতে ব্যয়ের পরিমাণ টাঃ১৯১.৬০ কোটি (ইসলামী শরিয়াহ ভিত্তিতে পরিচালিত ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের ৭৫.১২%)।

## ৩.৪ বিদেশি ব্যাংকসমূহের CSR ব্যয় পর্যালোচনা

জুলাই-ডিসেম্বর ২০২২ ষান্মাসিকে বাংলাদেশে কার্যরত ৯টি বিদেশি ব্যাংক CSR কার্যক্রম ছক-৪ এ তুলে ধরা হলো:

**ছক-৪: বিদেশি ব্যাংকসমূহের CSR ব্যয়**

| ক্রম | বিদেশি ব্যাংকসমূহের নাম | জুলাই-ডিসেম্বর ২০২২ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকা) | ২০২১ সালে অর্জিত কর পরবর্তী নিট মুনাফা হতে জুলাই-ডিসেম্বর ২০২২ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকা) | নিট মুনাফা ব্যতীত অন্যান্য উৎস হতে জুলাই-ডিসেম্বর ২০২২ ভিত্তিক CSR ব্যয় (কোটি টাকা) |
|---|---|---|---|---|
| ১ | ব্যাংক আলফালাহ্ লিমিটেড | **০.১৩** | ০.০০ | ০.১৩ |
| ২ | কমার্শিয়াল ব্যাংক অব সিলন | **০.১৪** | ০.১৪ | ০.০০ |
| ৩ | সিটিব্যাংক এন.এ | **০.৭২** | ০.৭২ | ০.০০ |
| ৪ | হাবিব ব্যাংক লিমিটেড | **০.০৩** | ০.০০ | ০.০৩ |
| ৫ | এইচএসবিসি | **৪.২৬** | ২.৭৯ | ১.৪৭ |
| ৬ | ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান | **০.০০** | ০.০০ | ০.০০ |
| ৭ | স্টেট ব্যাংক অব ইন্ডিয়া | **০.১৮** | ০.১৮ | ০.০০ |
| ৮ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক | **৮.৩৮** | ৮.৩৮ | ০.০০ |
| ৯ | উরি ব্যাংক | **০.০৬** | ০.০৬ | ০.০০ |
| | **সর্বমোট** | **১৩.৯০** | **১২.২৭** | **১.৬৩** |
| | **শতকরা হার (%)** | **১০০.০০** | **৮৮.২৭%** | **১১.৭৩%** |

ছক-৪ পর্যলোচনান্তে দেখা যায় যে,

- আলোচ্য ষান্মাসিকে ৯টি বিদেশি ব্যাংক কর্তৃক পূর্ববর্তী বছরের কর পরবর্তী নিট মুনাফাসহ অন্যান্য উৎস থেকে (বিদেশি অনুদান, যাকাত ফান্ড ইত্যাদি) CSR ব্যয় নির্বাহ করা হয়েছে।
- এক্ষেত্রে বর্ণিত ব্যাংকসমূহের মোট CSR ব্যয় টাঃ১৩.৯০ কোটি (সকল তফসিলি ব্যাংকের মোট CSR ব্যয়ের প্রায় ২.৭১%)।
- ২০২১ সালে অর্জিত কর পরবর্তী নিট মুনাফা হতে বর্ণিত ব্যাংকসমূহের ব্যয়ের পরিমাণ টাঃ১২.২৭ কোটি (বিদেশি ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের ৮৮.২৭%), এবং
- নিট মুনাফা ব্যতীত বিভিন্ন উৎস হতে ব্যয়ের পরিমাণ টাঃ১.৬৩ কোটি (বিদেশি ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের ১১.৭৩%)।


## ৩.৫ ষান্মাসিক ভিত্তিক ব্যাংকসমূহের খাতওয়ারি ব্যয়ের তুলনামূলক বিশ্লেষণ

জুলাই-ডিসেম্বর ২০২২ ষান্মাসিকে ব্যাংকসমূহের CSR ব্যয় প্রায় টাঃ৫১৩.৭৬ কোটি (পাঁচশত তেরো কোটি ছিয়াত্তর লক্ষ টাকা) মাত্র। অন্যদিকে, জানুয়ারি-জুন ২০২২ ষান্মাসিকে ব্যাংকসমূহের CSR ব্যয় ছিল টাঃ৬১৫.৩৯ কোটি (ছয়শত পনের কোটি উনচল্লিশ লক্ষ টাকা) মাত্র। জুলাই-ডিসেম্বর ২০২২ ষান্মাসিকে ব্যাংকসমূহের CSR ব্যয় জানুয়ারি-জুন ২০২২ ষান্মাসিকের তুলনায় টাঃ১০১.৬৩ কোটি (একশত এক কোটি তেষট্টি লক্ষ টাকা মাত্র) বা ১৬.৫১% কম।

*[বি:দ্র: ব্র্যাক ব্যাংক লিমিটেড কর্তৃক ০৬ এপ্রিল ২০২৩ তারিখে দাখিলকৃত জানুয়ারি-জুন ২০২২ ও জুলাই-ডিসেম্বর ২০২২ ভিত্তিক সংশোধিত CSR বিবরণী অনুযায়ী ৩.৫ ও ৩.৬ অনুচ্ছেদে উল্লেখিত তথ্য-উপাত্ত হিসাবায়ন করা হয়েছে।]*

ব্যাংকসমূহের জুলাই-ডিসেম্বর ২০২২ এবং জানুয়ারি-জুন ২০২২ ষান্মাসিক ভিত্তিক খাতওয়ারি CSR ব্যয়ের তুলনামূলক চিত্র লেখচিত্র-৩ এর মাধ্যমে উপস্থাপন করা হলো:

লেখচিত্র-৩ ঃ ব্যাংকসমূহের জুলাই-ডিসেম্বর ২০২২ এবং জানুয়ারি-জুন ২০২২ ষান্মাষিক ভিত্তিক খাতওয়ারি CSR ব্যয়ের তুলনামূলক চিত্র




লেখচিত্র-৩ এ প্রদর্শিত তথ্য পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে:

- জুলাই-ডিসেম্বর ২০২২ ষান্মাসিকে জানুয়ারি-জুন ২০২২ ষান্মাসিকের তুলনায় দুর্যোগ ব্যবস্থাপনা ও শিক্ষা খাতে CSR ব্যয় উল্লেখ্যযোগ্য হারে হ্রাস পেয়েছে।
- অন্যদিকে, আলোচ্য ষান্মাসিকে স্বাস্থ্য এবং পরিবেশ ও জলবায়ু পরিবর্তন জনিত প্রশমন ও অভিযোজন খাতে CSR ব্যয়ের পরিমাণ পূর্ববর্তী ষান্মাসিকের তুলনায় বৃদ্ধি পেয়েছে।
- এছাড়া, জুলাই-ডিসেম্বর ২০২২ ষান্মাসিকে ক্রীড়া ও সংস্কৃতি, অবকাঠামো উন্নয়ন, আয়-উৎসারী কার্যক্রম এবং অন্যান্য খাতে CSR ব্যয়ের পরিমাণ জানুয়ারি-জুন ২০২২ ষান্মাসিকের তুলনায় হ্রাস পেয়েছে।

## ৩.৬ তফসিলি ব্যাংকসমূহের ২০২২ ভিত্তিক CSR কার্যক্রম

বাংলাদেশে কার্যরত ৬১টি তফসিলি ব্যাংক কর্তৃক দাখিলকৃত জানুয়ারি-জুন ২০২২ ও জুলাই-ডিসেম্বর ২০২২ ভিত্তিক CSR বিবরণীসমূহ হতে প্রাপ্ত তথ্য-উপাত্ত সন্নিবেশকরত ২০২২ ভিত্তিক সার্বিক কার্যক্রম ছক-৫ এ তুলে ধরা হলো:

**ছক-৫: ব্যাংকসমূহের ২০২২ ভিত্তিক CSR ব্যয়**

| ক্রম | ব্যাংকসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | পরিবেশ এবং জলবায়ু | অন্যান্য খাতসমূহ | মোট | শিক্ষা (%) | স্বাস্থ্য (%) | পরিবেশ ও জলবায়ু (%) | অন্যান্য খাতসমূহ (%) | ২০২১ সালে অর্জিত নিট মুনাফা | ২০২২ সালে CSR ব্যয়ের হার (%) | এসএফডি সার্কুলার-০১/২০২২ অনুযায়ী খাতভিত্তিক পরিপালন | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | শিক্ষা | স্বাস্থ্য | পরিবেশ ও জলবায়ু |
| | | পরিমাণ (কোটি টাকায়) | | | | | শতকরা হার | | | | কোটি টাকায় | শতকরা হার | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ১ | সোনালী ব্যাংক | ০.৫৪ | ১.২০ | - | ২.৩১ | ৪.০৪ | ১৩.৩০% | ২৯.৬১% | ০.০০% | ৫৭.০৮% | ৩৪৫.৬৭ | ১.১৭% | × | √ | × |
| ২ | জনতা ব্যাংক | ০.৫০ | ০.০৫ | - | ৩.৯০ | ৪.৪৫ | ১১.২৪% | ১.১২% | ০.০০% | ৮৭.৬৪% | ৩০০.৩১ | ১.৪৮% | × | × | × |
| ৩ | অগ্রণী ব্যাংক | ০.৭৪ | ০.১০ | - | ২.৪০ | ৩.২৪ | ২২.৭৪% | ৩.০৯% | ০.০০% | ৭৪.১৭% | ১৩৭.৪৮ | ২.৩৫% | × | × | × |
| ৪ | রূপালী ব্যাংক | ০.৩৫ | ০.৩২ | - | ২.০১ | ২.৬৮ | ১৩.২৩% | ১১.৭৭% | ০.০০% | ৭৫.০০% | ৩৫.৭৯ | ৭.৪৮% | × | × | × |
| ৫ | বেসিক ব্যাংক | - | - | - | ০.১২ | ০.১২ | ০.০০% | ০.০০% | ০.০০% | ১০০.০০% | - | ০.০০% | × | × | × |
| ৬ | বাংলাদেশ কৃষি ব্যাংক | - | - | - | - | ০.০০ | ০.০০% | ০.০০% | ০.০০% | ০.০০% | - | ০.০০% | × | × | × |

# ছক-৫: ব্যাংকসমূহের ২০২২ ভিত্তিক CSR ব্যয়

| ক্রম | ব্যাংকসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | পরিবেশ এবং জলবায়ু | অন্যান্য খাতসমূহ | মোট | শিক্ষা (%) | স্বাস্থ্য (%) | পরিবেশ ও জলবায়ু (%) | অন্যান্য খাতসমূহ (%) | ২০২১ সালে অর্জিত নিট মুনাফা | ২০২২ সালে CSR ব্যয়ের হার (%) | এসএফডি সার্কুলার-০১/২০২২ অনুযায়ী খাতভিত্তিক পরিপালন | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | শিক্ষা | স্বাস্থ্য | পরিবেশ ও জলবায়ু |
| | | পরিমাণ (কোটি টাকায়) | | | | | শতকরা হার | | | | কোটি টাকায় | শতকরা হার | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ৭ | রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক | - | - | - | - | ০.০০ | ০.০০% | ০.০০% | ০.০০% | ০.০০% | - | ০.০০% | × | × | × |
| ৮ | বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক | ০.০৬ | ০.০৭ | - | ০.০৯ | ০.২২ | ২৬.৫৬% | ৩৩.২৬% | ০.০০% | ৪০.১৮% | ৬.৩৮ | ৩.৫১% | × | √ | × |
| ৯ | প্রবাসী কল্যাণ ব্যাংক | ০.০১ | - | - | ০.০৭ | ০.০৮ | ১৫.৬৬% | ০.০০% | ০.০০% | ৮৪.৩৪% | ৫১.৩৯ | ০.১৬% | × | × | × |
| ১০ | এবি ব্যাংক | ০.৩৫ | ০.১১ | - | ১৩.১৯ | ১৩.৬৫ | ২.৫৬% | ০.৭৭% | ০.০০% | ৯৬.৬৭% | ৬৪.১৪ | ২১.২৮% | × | × | × |
| ১১ | আল আরাফাহ ইসলামী ব্যাংক | ৫.৮৮ | ৫.০৮ | ২.০০ | ১৫.৭৭ | ২৮.৭৩ | ২০.৪৭% | ১৭.৬৭% | ৬.৯৬% | ৫৪.৯০% | ২১২.৬৪ | ১৩.৫১% | × | × | × |
| ১২ | ব্যাংক এশিয়া | ১.৫৬ | ৪.৭০ | - | ১৭.৪৯ | ২৩.৭৫ | ৬.৫৮% | ১৯.৭৯% | ০.০০% | ৭৩.৬৩% | ১৭৯.৪৭ | ১৩.২৩% | × | × | × |
| ১৩ | বাংলাদেশ কমার্স ব্যাংক | - | - | - | ০.০৪ | ০.০৪ | ০.০০% | ০.০০% | ০.০০% | ১০০.০০% | - | ০.০০% | × | × | × |
| ১৪ | বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক | - | - | - | ১.০০ | ১.০০ | ০.০০% | ০.০০% | ০.০০% | ১০০.০০% | - | ০.০০% | × | × | × |
| ১৫ | ব্র্যাক ব্যাংক | ১.৪৫ | ০.৩১ | - | ৩.০৯ | ৪.৮৫ | ২৯.৯৬% | ৬.৩৪% | ০.০৩% | ৬৩.৬৭% | ৫৫৪.৬৯ | ০.৮৭% | √ | × | × |
| ১৬ | সিটিজেনস্ ব্যাংক | - | - | - | - | ০.০০ | ০.০০% | ০.০০% | ০.০০% | ০.০০% | - | ০.০০% | × | × | × |
| ১৭ | কমিউনিটি ব্যাংক | ০.৫০ | ০.৪১ | ০.২০ | ০.০৮ | ১.১৮ | ৪২.২৩% | ৩৪.৫৪% | ১৬.৮৯% | ৬.৩৩% | ১২.১৪ | ৯.৭৫% | √ | √ | × |
| ১৮ | ঢাকা ব্যাংক লিমিটেড | ১.৩২ | ৩.২৪ | - | ১৮.৫২ | ২৩.০৮ | ৫.৭১% | ১৪.০৫% | ০.০০% | ৮০.২৪% | ২০৫.৫৭ | ১১.২৩% | × | × | × |
| ১৯ | ডাচ্-বাংলা ব্যাংক | ৪১.৪৭ | ৬.৩২ | - | ২১.৫১ | ৬৯.৩০ | ৫৯.৮৪% | ৯.১২% | ০.০০% | ৩১.০৪% | ৫৫৬.১১ | ১২.৪৬% | √ | × | × |
| ২০ | ইস্টার্ণ ব্যাংক | ০.৪৩ | ০.৪৯ | - | ১৪.৫৮ | ১৫.৫০ | ২.৭৭% | ৩.১৮% | ০.০০% | ৯৪.০৫% | ৪৬৫.৩৯ | ৩.৩৩% | × | × | × |
| ২১ | এক্সিম ব্যাংক | ১২.১৩ | ৩.০৩ | ০.০১ | ৪৭.৯৮ | ৬৩.১৫ | ১৯.২১% | ৪.৮০% | ০.০১% | ৭৫.৯৮% | ১৯০.৪২ | ৩৩.১৬% | × | × | × |
| ২২ | ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক | ১০.৮৫ | ১২.১৫ | ৭.৩৫ | ২.০৯ | ৩২.৪৪ | ৩৩.৪৫% | ৩৭.৪৫% | ২২.৬৬% | ৬.৪৪% | ৩৩২.১০ | ৯.৭৭% | √ | √ | √ |
| ২৩ | আইসিবি ইসলামিক ব্যাংক | - | ০.০৩ | - | - | ০.০৩ | ০.০০% | ১০০.০০% | ০.০০% | ০.০০% | - | ০.০০% | × | √ | × |
| ২৪ | আইএফআইসি ব্যাংক | ২.১৫ | ০.১৮ | ০.০২ | ১৬.৮১ | ১৯.১৫ | ১১.২৩% | ০.৯১% | ০.১০% | ৮৭.৭৬% | ১৯৭.৫৩ | ৯.৭০% | × | × | × |
| ২৫ | ইসলামী ব্যাংক বাংলাদেশ | ৪.৬৩ | ০.৮৩ | ২.০২ | ৩১৯.৮৯ | ৩২৭.৩৬ | ১.৪১% | ০.২৫% | ০.৬২% | ৯৭.৭২% | ৪৬৩.৯০ | ৭০.৫৭% | × | × | × |
| ২৬ | যমুনা ব্যাংক | ৫.৬৭ | ১০.২৪ | ২.৮১ | ১৪.৫৮ | ৩৩.৩০ | ১৭.০৩% | ৩০.৭৫% | ৮.৪৪% | ৪৩.৭৮% | ২৪৭.৬৯ | ১৩.৪৪% | × | √ | × |
| ২৭ | মেঘনা ব্যাংক | ০.১৫ | ০.২৭ | - | ২.৭১ | ৩.১৩ | ৪.৯৩% | ৮.৫১% | ০.০০% | ৮৬.৫৬% | ৩০.৭৯ | ১০.১৫% | × | × | × |
| ২৮ | মার্কেন্টাইল ব্যাংক | ২.৭২ | ৪.৫৩ | ০.১৫ | ২৪.৮১ | ৩২.২১ | ৮.৪৪% | ১৪.০৬% | ০.৪৭% | ৭৭.০৪% | ৩৪১.৮৬ | ৯.৪২% | × | × | × |
| ২৯ | মিডল্যান্ড ব্যাংক | ০.০৩ | ০.০২ | - | ২.৭৩ | ২.৭৮ | ১.০৮% | ০.৭২% | ০.০০% | ৯৮.২০% | ৫১.৪০ | ৫.৪২% | × | × | × |
| ৩০ | মধুমতি ব্যাংক | ০.৯৩ | ০.২২ | - | ৫.৯৭ | ৭.১২ | ১৩.০৫% | ৩.১১% | ০.০০% | ৮৩.৮৪% | ১১২.৭১ | ৬.৩২% | × | × | × |
| ৩১ | মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক | ১.৫০ | ০.৮৪ | ০.৫৩ | ১৫.৬৯ | ১৮.৫৬ | ৮.০৮% | ৪.৫৩% | ২.৮৬% | ৮৪.৫৪% | ২৯১.৭৮ | ৬.৩৬% | × | × | × |
| ৩২ | ন্যাশনাল ব্যাংক | ৫.২৯ | ১.৫৪ | - | ১৬.৬৬ | ২৩.৪৮ | ২২.৫২% | ৬.৫৪% | ০.০০% | ৭০.৯৪% | ১৯.৫৩ | ১২০.২২ % | × | × | × |
| ৩৩ | এনসিসি ব্যাংক | ০.৫১ | ০.১৫ | ০.০১ | ১৫.৫৩ | ১৬.১৯ | ৩.১৪% | ০.৯৩% | ০.০৩% | ৯৫.৯০% | ২৫০.২৬ | ৬.৪৭% | × | × | × |
| ৩৪ | এনআরবি ব্যাংক | ০.২৮ | ০.১১ | - | ৬.৮৯ | ৭.২৮ | ৩.৭৮% | ১.৫১% | ০.০০% | ৯৪.৭১% | ৪২.৭৯ | ১৭.০১% | × | × | × |
| ৩৫ | এনআরবি কমার্শিয়াল ব্যাংক | ২.০০ | ১.৬৭ | ১.০০ | ৬.৬৩ | ১১.৩১ | ১৭.৭২% | ১৪.৭৫% | ৮.৮৭% | ৫৮.৬৫% | ১৪৮.৩৫ | ৭.৬২% | × | × | × |
| ৩৬ | গ্লোবাল ইসলামী ব্যাংক | ০.৭৬ | ০.০৩ | - | ১৬.০৮ | ১৬.৮৭ | ৪.৫০% | ০.২০% | ০.০০% | ৯৫.৩০% | ১৩১.৯৪ | ১২.৭৯% | × | × | × |
| ৩৭ | ওয়ান ব্যাংক | ০.৩৫ | ০.৯০ | - | ৩.৯৬ | ৫.২১ | ৬.৭২% | ১৭.২৫% | ০.০০% | ৭৬.০৪% | ৭৫.৬০ | ৬.৮৯% | × | × | × |
| ৩৮ | পদ্মা ব্যাংক | - | ০.১২ | - | - | ০.১২ | ০.০০% | ১০০.০০% | ০.০০% | ০.০০% | - | ০.০০% | × | √ | × |
| ৩৯ | প্রাইম ব্যাংক | ৪.৯৩ | ৪.২৫ | ০.০৫ | ১৩.২৮ | ২২.৫১ | ২১.৯০% | ১৮.৮৮% | ০.২২% | ৫৯.০০% | ৩১১.১০ | ৭.২৪% | × | × | × |
| ৪০ | পূবালী ব্যাংক | ০.৯৩ | ২.৫৫ | ০.০১ | ১৪.০২ | ১৭.৫১ | ৫.৩২% | ১৪.৫৭% | ০.০৬% | ৮০.০৫% | ৩৯০.০০ | ৪.৪৯% | × | × | × |
| ৪১ | সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক | ০.৩২ | ০.০৩ | - | ২.৫৩ | ২.৮৮ | ১১.১২% | ০.৮৭% | ০.০০% | ৮৮.০১% | ৫৩.৪৭ | ৫.৩৮% | × | × | × |
| ৪২ | শাহজালাল ইসলামী ব্যাংক | ৫.০৭ | ১০.২০ | ৩.৯২ | ১৫.২৫ | ৩৪.৪৪ | ১৪.৭২% | ২৯.৬২% | ১১.৩৮% | ৪৪.২৭% | ২৫৮.৫২ | ১৩.৩২% | × | √ | × |
| ৪৩ | সীমান্ত ব্যাংক | ০.১৩ | ০.৫৩ | - | ০.০৪ | ০.৭০ | ১৮.৪৮% | ৭৫.৮৪% | ০.০০% | ৫.৬৯% | ১৪.০১ | ৫.০২% | × | √ | × |
| ৪৪ | সোশ্যাল ইসলামী ব্যাংক | ৪.৩৬ | ৫.৯১ | - | ১৮.৭১ | ২৮.৯৭ | ১৫.০৪% | ২০.৪০% | ০.০০% | ৬৪.৫৭% | ১৬৫.৫৭ | ১৭.৫০% | × | × | × |
| ৪৫ | সাউথইস্ট ব্যাংক | ৪.৫৫ | ১.৮৮ | - | ২৪.৬৯ | ৩১.১২ | ১৪.৬২% | ৬.০৪% | ০.০০% | ৭৯.৩৪% | ১৭৩.৩৯ | ১৭.৯৫% | × | × | × |
| ৪৬ | স্ট্যান্ডার্ড ব্যাংক | ০.৬১ | ০.১৯ | - | ১৩.২৪ | ১৪.০৪ | ৪.৩৪% | ১.৩৫% | ০.০০% | ৯৪.৩০% | ৭৯.১৭ | ১৭.৭৩% | × | × | × |
| ৪৭ | দি সিটি ব্যাংক | ১.৭২ | ২.৩১ | ০.০১ | ১৩.৩৫ | ১৭.৩৯ | ৯.৮৯% | ১৩.২৮% | ০.০৬% | ৭৬.৭৭% | ৪৭৪.৩০ | ৩.৬৭% | × | × | × |
| ৪৮ | দি প্রিমিয়ার ব্যাংক | ১.২২ | ০.৭৪ | - | ৪৭.৬১ | ৪৯.৫৭ | ২.৪৬% | ১.৪৯% | ০.০০% | ৯৬.০৫% | ৩২৬.৯১ | ১৫.১৬% | × | × | × |
| ৪৯ | ট্রাস্ট ব্যাংক | ০.৬০ | ১৬.০১ | - | ৪.৩২ | ২০.৯৩ | ২.৮৭% | ৭৬.৫১% | ০.০০% | ২০.৬৩% | ২৭৪.৪১ | ৭.৬৩% | × | √ | × |

| ছক-৫: ব্যাংকসমূহের ২০২২ ভিত্তিক CSR ব্যয় | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ক্রম | ব্যাংকসমূহের নাম | শিক্ষা | স্বাস্থ্য | পরিবেশ এবং জলবায়ু | অন্যান্য খাতসমূহ | মোট | শিক্ষা (%) | স্বাস্থ্য (%) | পরিবেশ ও জলবায়ু (%) | অন্যান্য খাতসমূহ (%) | ২০২১ সালে অর্জিত নিট মুনাফা | ২০২২ সালে CSR ব্যয়ের হার (%) | এসএফডি সার্কুলার-০১/২০২২ অনুযায়ী খাতভিত্তিক পরিপালন | | |
| | | | | | | | | | | | | | শিক্ষা | স্বাস্থ্য | পরিবেশ ও জলবায়ু |
| | | পরিমাণ (কোটি টাকায়) | | | | | শতকরা হার | | | | কোটি টাকায় | শতকরা হার | | | |
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| ৫০ | ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক | ০.৫৫ | ২.৭০ | - | ১৬.০৮ | ১৯.৩৩ | ২.৮৫% | ১৩.৯৭% | ০.০০% | ৮৩.১৯% | ৩৭১.৭১ | ৫.২০% | × | × | × |
| ৫১ | ইউনিয়ন ব্যাংক | ০.৯৯ | ০.১৫ | - | ১৪.৫৯ | ১৫.৭৩ | ৬.২৭% | ০.৯৬% | ০.০০% | ৯২.৭৮% | ৮৭.২৪ | ১৮.০৩% | × | × | × |
| ৫২ | উত্তরা ব্যাংক | ০.১৬ | ২.১৫ | - | ১২.৬৬ | ১৪.৯৭ | ১.০৪% | ১৪.৩৭% | ০.০০% | ৮৪.৫৯% | ২৩৬.৪৪ | ৬.৩৩% | × | × | × |
| ৫৩ | ব্যাংক আলফালাহ্‌ | ০.১০ | ০.১৫ | ০.০৫ | ০.০৫ | ০.৩৪ | ২৯.৫৯% | ৪৩.৭৯% | ১৩.৩১% | ১৩.৩১% | ৪৪.৫৫ | ০.৭৬% | √ | √ | × |
| ৫৪ | কমার্শিয়াল ব্যাংক অব সিলন | ০.০৫ | - | - | ০.১৪ | ০.১৯ | ২৫.৭৭% | ০.০০% | ০.০০% | ৭৪.২৩% | ১৬৭.৩১ | ০.১২% | × | × | × |
| ৫৫ | সিটিব্যাংক এনএ | ০.১২ | ০.১২ | ০.০৮ | ০.৬৩ | ০.৯৫ | ১২.৬৩% | ১২.৬৩% | ৮.৪২% | ৬৬.৩২% | ৩০.৬১ | ৩.১০% | × | × | × |
| ৫৬ | হাবিব ব্যাংক | ০.০২ | ০.০২ | - | ০.০৪ | ০.০৭ | ২০.৮৮% | ২৭.৮৩% | ২.১৬% | ৪৯.১৩% | - | ০.০০% | × | × | × |
| ৫৭ | এইচএসবিসি | ৪.১২ | ০.৯০ | ২.০৪ | ০.০৯ | ৭.১৫ | ৫৭.৬২% | ১২.৫৯% | ২৮.৫৩% | ১.২৬% | ৫৪০.৫৩ | ১.৩২% | √ | × | √ |
| ৫৮ | ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান | - | - | - | - | ০.০০ | ০.০০% | ০.০০% | ০.০০% | ০.০০% | ৩০.৫৮ | ০.০০% | × | × | × |
| ৫৯ | স্টেট ব্যাংক অব ইন্ডিয়া | ০.১১ | ০.১৬ | - | ০.০২ | ০.২৮ | ৩৮.৩৫% | ৫৪.৮৮% | ১.৪১% | ৫.৩৬% | ১০২.০৯ | ০.২৮% | √ | √ | × |
| ৬০ | স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক | ৬.৭৮ | ৩.৭৯ | ১.১৩ | ২.৭২ | ১৪.৪১ | ৪৭.০২% | ২৬.২৭% | ৭.৮৩% | ১৮.৮৭% | ৭৫৮.৭৩ | ১.৯০% | √ | × | × |
| ৬১ | উরি ব্যাংক | ০.০২ | ০.০৩ | ০.০১ | - | ০.০৭ | ৩৫.৩৮% | ৪৪.৬২% | ২০.০০% | ০.০০% | ৪৬.১২ | ০.১৪% | √ | √ | √ |
| | সর্বমোট | ১৪২.৫৫ | ১১৩.৯৯ | ২৩.৪০ | ৮৪৯.২১ | ১১২৯.১৫ | | | | | | | | | |
| | শতকরা হার (%) | ১২.৬২% | ১০.১০% | ২.০৭% | ৭৫.২১% | ১০০.০০% | | | | | | | | | |

ছক-৫ এ প্রদর্শিত ব্যাংকসমূহের ২০২২ ভিত্তিক CSR বিবরণী পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে:

- ➢ ৬১টি তফসিলি ব্যাংকের জানুয়ারি-জুন ২০২২ ও জুলাই-ডিসেম্বর ২০২২ ষান্মাসিকে সমন্বিত CSR ব্যয় প্রায় টাঃ১,১২৯.১৫ কোটি (এক হাজার একশত উনত্রিশ কোটি পনেরো লক্ষ টাকা) মাত্র; তন্মধ্যে
    - ❖ শিক্ষাখাতে ব্যয় টাঃ১৪২.৫৫ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ১২.৬২%।
    - ❖ স্বাস্থ্যখাতে ব্যয় টাঃ১১৩.৯৯ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ১০.১০%।
    - ❖ পরিবেশ ও জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন-অভিযোজন খাতে ব্যয় টাঃ২৩.৪০ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ২.০৭%।
    - ❖ এবং অন্যান্য খাতসমূহে ব্যয় টাঃ৮৪৯.২১ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ৭৫.২১%।
- ➢ এসএফডি সার্কুলার-০১/২০২২ এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী ৯টি ব্যাংক শিক্ষাখাতে ৩০%, ১৩টি ব্যাংক স্বাস্থ্যখাতে এবং ৩টি ব্যাংক পরিবেশ এবং জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন ও অভিযোজন খাতে ২০% CSR ব্যয় নিশ্চিত করতে সমর্থ হয়েছে (ছক ৫ ও ৬)। তাছাড়া, ৪৭টি ব্যাংক অন্যান্য খাতে ২০%-এর অধিক ব্যয় করেছে।

**ছক-৬: ব্যাংকসমূহের এসএফডি সার্কুলার-০১/২০২২ অনুযায়ী খাতভিত্তিক পরিপালন**

